## মঞ্জুরি নং- ০১

# ১০২ - জাতীয় সংসদ

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| পরিচালন ব্যয় | ২৮৯,৯০,০০ | ৩০৪,৪০,০০ | ৩১৯,৬১,০০ |
| উন্নয়ন ব্যয় | ৭০,০০ | ১১,০০ | ১১,০০ |
| **মোট** | **২৯০,৬০,০০** | **৩০৪,৫১,০০** | **৩১৯,৭২,০০** |
| | | | |
| আবর্তক | ২৭৬,১৪,৪০ | ২৯২,৪১,৪৩ | ৩০৮,২৭,৪০ |
| মূলধন | ১৪,৪৫,৬০ | ১২,০৯,৫৭ | ১১,৪৪,৬০ |
| আর্থিক সম্পদ | ০ | ০ | ০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **২৯০,৬০,০০** | **৩০৪,৫১,০০** | **৩১৯,৭২,০০** |

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

সংসদে আইন প্রণয়ন এবং সরকারের কার্যক্রম তদারকির (oversight) মাধ্যমে জনগণের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটিয়ে সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থা সু-সংহতকরণ।

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১ আইন প্রণয়ন কার্যক্রম গ্রহণ;

১.২.২ সংসদীয় রীতিনীতি ও কার্যক্রম সম্পর্কে বিভিন্ন মন্ত্রণালয়-বিভাগকে অবহিতকরণ ও পরামর্শ প্রদান;

১.২.৩ সংসদ অধিবেশনে সরকার কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি বা অঙ্গীকার সংসদ কার্যবাহ (Proceeding) হতে সংগ্রহ করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়-বিভাগকে অবহিতকরণ ও বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ;

১.২.৪ সংসদ কর্তৃক পাশকৃত বিলে মহামান্য রাষ্ট্রপতির সম্মতি গ্রহণপূর্বক মাননীয় স্পীকারকে অবহিতকরণ ও আইনের গেজেট প্রকাশ;

১.২.৫ সংসদ ভবন ও সংসদ এলাকার সার্বিক নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণ এবং দর্শনার্থীদের সংসদীয় কার্যক্রম ও সংসদ ভবন দর্শনের ব্যবস্থাকরণ;

১.২.৬ International Parliamentary Convention সম্পর্কিত যাবতীয় কার্যাদি এবং সিপিএ ও আইপিইউসহ বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষা;

১.২.৭ সংসদীয় কার্যক্রমে সাচিবিক সহায়তা প্রদানসহ সংসদ বিষয়ক সকল কার্যক্রম এবং জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণে সংসদ কার্যক্রমের সরাসরি (Audio Visual Live) প্রচারের ব্যবস্থা।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. জনগণের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলনে যথাযথ আইন প্রণয়ন কার্যক্রম গ্রহণ | • বিলের নোটিশ গ্রহণ ও যাচাই-বাছাই<br>• বিল সংসদে উপস্থাপন ও সংশ্লিষ্ট কমিটিতে প্রেরণ<br>• বিবেচনা ও পাসের জন্য সংসদে বিল উপস্থাপন | • বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় |
| ২. সংসদীয় কমিটিসমূহের কার্যক্ষমতা বৃদ্ধি ও সংসদীয় গণতন্ত্রকে শক্তিশালীকরণ | • সংসদীয় স্থায়ী কমিটিসমূহের কার্যক্রমে সহায়তা প্রদান ও কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ<br>• সংসদ সদস্যগণকে সংসদীয় রীতিনীতি, বিভিন্ন জাতীয় ইস্যু এবং আইটি'র উপর প্রশিক্ষণ প্রদান<br>• সংসদীয় কার্যক্রমে সহায়ক কর্মকর্তাদের কার্যবিধি ও অন্যান্য ইস্যুর উপর প্রশিক্ষণ প্রদান | • বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় |
| ৩. সংসদীয় কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ | • 'সংসদ বাংলাদেশ' টিভি চ্যানেলে অনুষ্ঠান সম্প্রচার<br>• সংসদের স্থায়ী কমিটিতে গৃহীত সিদ্ধান্তসমূহ গণমাধ্যমে প্রচার | • বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় |

## ৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

### ৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

#### ৩.১.১ জনগণের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলনে যথাযথ আইন প্রণয়ন কার্যক্রম গ্রহণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** দেশের জনগোষ্ঠীর একটি বড় অংশ দারিদ্র্য সীমার নীচে বাস করে এবং তাদের অবস্থার পরিবর্তনের লক্ষ্যে আইনি বাধ্যবাধকতা তৈরি করা রাষ্ট্রের অন্যতম দায়িত্ব। তাই জনগণের প্রত্যাশা অনুযায়ী প্রণীত আইন দরিদ্র জনগোষ্ঠীর অধিকার রক্ষা করে এবং সরকারি সম্পদ, সেবা, স্বাস্থ্য, পুষ্টি ও শিক্ষায় তাদের অংশগ্রহণের পথ সুগম করে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** জনকল্যাণমুখী আইন প্রণীত হলে বিভিন্ন ফোরামে/কর্মকান্ডে নারীর অংশগ্রহণ এবং আইন ও বিচার প্রাপ্তির সুযোগ বৃদ্ধি পায়। সেই সাথে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে নারীর স্বাস্থ্য সেবা প্রাপ্তি ও পুষ্টির উন্নয়ন এবং আয়বর্ধক কর্মকান্ডে অংশগ্রহণ বৃদ্ধি পায় যা তাদের সামাজিক মর্যাদা বৃদ্ধিতে সহায়ক।

#### ৩.১.২ সংসদীয় কমিটিসমূহের কার্যক্ষমতা বৃদ্ধি ও সংসদীয় গণতন্ত্র শক্তিশালীকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** সংসদীয় কমিটির ভূমিকা জোরদার হলে সরকারের বিভিন্ন দপ্তর কর্তৃক গৃহীত অর্থনৈতিক উন্নয়ন ও দারিদ্র্য নিরসন সংক্রান্ত কর্মকান্ড যথাযথভাবে বাস্তবায়ন হয় যা দারিদ্র্য নিরসনে সহায়ক।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** সংসদীয় গণতন্ত্র শক্তিশালী হলে রাষ্ট্রীয় কার্যক্রমে নারীর প্রতিনিধিত্ব বৃদ্ধি পায় যা সমাজে ও রাষ্ট্রে নারীর ক্ষমতায়নে সহায়ক।

#### ৩.১.৩ সংসদীয় কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** সংসদীয় কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হলে সংসদের কার্যক্রমের আওতায় সরকারের গৃহীত দারিদ্র্য হ্রাস কর্মসূচির পরিবীক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থা সুদৃঢ় হয়। ফলে জনগণ দারিদ্র্য নিরসন ও উন্নয়ন কর্মসূচির সুফল ভোগ করতে সক্ষম হয়।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** সংসদের কার্যক্রমের আওতায় নারী-বান্ধব নীতি ও কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে নারীর আর্থিক ও মানবিক ক্ষমতায়ন ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা বৃদ্ধি পায়।

## ৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| দারিদ্র্য নিরসন | ১,১৭,০৪ | ১,৪২,৫১ | ১,৪২,৫১ |
| নারী উন্নয়ন | ৬০,৮৪,৮৯ | ৬৬,১২,১৬ | ৬৬,১২,১৬ |

## ৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| **১. তথ্য প্রযুক্তির ব্যবহার সম্প্রসারণ**<br>সংসদ সদস্যবৃন্দকে ই-পার্লামেন্টসহ তথ্য প্রযুক্তি ব্যবহারে সহায়তা প্রদান এবং সংশ্লিষ্ট প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণের ফলে সংসদ কার্যক্রমে গতি বৃদ্ধি পাবে বিধায় এ খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার হিসেবে বিবেচনা করা হয়েছে। | • সংসদীয় কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ |
| **২. জনগণের সাথে সম্পর্ক স্থাপন ও সংসদীয় কার্যক্রম সম্প্রচার**<br>সংসদ সদস্যদের জন্য অফিস সহায়তা প্রদান এবং ‘সংসদ বাংলাদেশ’ টিভি ও অন্যান্য বেতার-টেলিভিশন চ্যানেলে সংসদের কার্যক্রম সম্প্রচারের ফলে জনগণের সাথে সংসদ সদস্যদের যোগাযোগ বৃদ্ধি পাবে। সামগ্রিকভাবে জনগণের নিকট তাঁদের প্রতিনিধিবৃন্দের কার্যক্রম সম্পর্কে স্বচ্ছ ধারণা তৈরি হবে বিবেচনায় এ খাতকে অগ্রাধিকার হিসেবে চিহ্নিত করা হয়েছে। | |
| **৩. আইন প্রণয়নে সহায়তা প্রদানের লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধি**<br>সরকারের নীতি ও কৌশল বাস্তবায়নে আইনগত ও প্রশাসনিক কাঠামো শক্তিশালী করার লক্ষ্যে আইন প্রণয়ন কার্যক্রম গৃহীত ও স্থায়ী কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। এ সব কার্যক্রমে সহায়তা প্রদানের ফলে দেশে আইনের শাসন নিশ্চিত করা সম্ভব হবে। আইন প্রণয়ন এবং সংসদীয় তদারকি কার্যক্রমে সহায়তা প্রদানের জন্য সক্ষমতা বৃদ্ধির প্রয়োজনীয়তা রয়েছে বিধায় এ খাতকে অগ্রাধিকার হিসেবে বিবেচনা করা হয়েছে। | • জনগণের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলনে যথাযথ আইন প্রণয়ন কার্যক্রম গ্রহণ<br>• সংসদীয় কমিটিসমূহের কার্যক্ষমতা বৃদ্ধি ও সংসদীয় গণতন্ত্র শক্তিশালীকরণ |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৬-২৭ হতে ২০২৮-২৯)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| সচিবালয়, জাতীয় সংসদ | ২২৩,৯৮,৮১ | ১৯৩,৬১,৮০ | ১৬২,৭৬,৬৭ | ১৫৫,৫০,৯৬ | ১৬৮,৭৬,৮৬ |
| জাতীয় সংসদ স্বাস্থ্য কেন্দ্র | ৮,০১,১৯ | ৭,৮৬,১৯ | ৮,৪৫,৬৮ | ১০,৫০,১৬ | ১০,৯৪,০৭ |
| স্পিকার ও ডেপুটি স্পিকার এর কার্যালয় | ০ | ০ | ৩,৬৮,৯৯ | ৫,২২,৫৯ | ৫,৪১,৯৩ |
| সংসদ নেতা ও উপনেতা এর কার্যালয় | ০ | ০ | ১,৫৭,৫২ | ১,৯৭,৬৯ | ২,০৬,০৯ |
| বিরোধী দলীয় নেতা ও উপ নেতা এর কার্যালয় | ০ | ০ | ২,৫৮,৬৪ | ৩,২৪,৯৯ | ৩,৩১,৩৪ |
| সংসদীয় স্থায়ী কমিটি এর কার্যালয় | ০ | ১,১১,৫০ | ১০,২৮,২৫ | ১৪,৬৮,৯৮ | ১৫,১৮,০৩ |
| চিফ হুইপ ও হুইপ এর কার্যালয় | ০ | ২,৭১,১০ | ১০,৩১,২৫ | ১৫,৫৯,৬৩ | ১৬,২২,৬৮ |
| সংসদ সদস্য এর কার্যালয় | ০ | ৪৩,২৯,০১ | ৯০,৯৩,০০ | ৯৭,৭৬,০০ | ৯৭,৮১,০০ |
| **সর্বমোট :** | **২৩২,০০,০০** | **২৪৮,৫৯,৬০** | **২৯০,৬০,০০** | **৩০৪,৫১,০০** | **৩১৯,৭২,০০** |

## ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ৭২,২৪,১২ | ৭৩,৫৬,১২ | ৯৯,০২,৫৩ | ১০৪,৩৮,১০ | ১১২,৮১,২২ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ৩৫,৩০,৮২ | ৪২,১৭,০১ | ৬৭,৯৯,৫২ | ৭২,৫৯,৭৩ | ৭৭,৮৪,৪৮ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ৬,০০ | ২৬,০০ | ৩৯,০০ | ৬৪,০০ | ৭০,০০ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ৮৪,০০ | ২,০৩,০০ | ১,৫০,০০ | ১,০০,০০ | ১,০০,০০ |
| ৩২৪৩ | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | ৬,৩৩,০০ | ৫,৩০,০০ | ১০,৬২,০০ | ১২,০৫,০০ | ১৩,৭৭,০০ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ১৫,০০ | ২,৪৬,৩০ | ৭,৩৯,০০ | ৮,৮৪,৫০ | ৮,৮৫,৫০ |
| ৩২৫২ | চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ | ২,৩৫,০০ | ২,৩৫,০০ | ৩,০০,০০ | ৩,৮০,০০ | ৩,৮৫,০০ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ১,৭০,৭০ | ৯,৮০,৫০ | ২,২৫,০০ | ২,৯৫,০০ | ২,৯৭,০০ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ৬৪,০০ | ৯,০৩,০১ | ৮৪,৭০ | ২,৬৬,৭০ | ২,৬৬,৮০ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ১,৫০,০০ | ১১,৪৩,৬০ | ৩৬,০৪,২০ | ৩৫,২২,২০ | ৩৫,২২,২০ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ৭,১৮,৫০ | ১৭,২৭,৫০ | ২৯,১৫,৬০ | ৩৩,০১,৬০ | ৩৩,৩৩,৬০ |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ৫১,১০ | ৫,১৮,১০ | ১৫,২৪,৬০ | ১৫,২৪,৬০ | ১৫,২৪,৬০ |
| ৩৯১১ | সংরক্ষিত | ৮১,৭৬,৬৬ | ৩০,০০,০০ | ২,৬৮,২৫ | ০ | ০ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **২১০,৫৮,৯০** | **২১০,৮৬,১৪** | **২৭৬,১৪,৪০** | **২৯২,৪১,৪৩** | ৩০৮,২৭,৪০ |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১১ | ভবন ও স্থাপনাসমূহ | ২০,০০ | ২০,০০ | ৫,৫০ | ২১,০০ | ২২,০০ |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ১৭,৯১,১০ | ৩৩,৪২,৪৬ | ১১,৭৫,১০ | ৯,৫৮,৫৭ | ৯,৯২,৬০ |
| ৪১১৩ | অন্যান্য স্থায়ী সম্পদ | ৩০,০০ | ৬,০০ | ১০,০০ | ১০,০০ | ১০,০০ |
| ৪১২১ | উপকরণ ও সরবরাহ | ৩,০০,০০ | ৪,০৫,০০ | ২,৫৫,০০ | ২,২০,০০ | ১,২০,০০ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **২১,৪১,১০** | **৩৭,৭৩,৪৬** | **১৪,৪৫,৬০** | **১২,০৯,৫৭** | ১১,৪৪,৬০ |
| | **সম্পদ** | | | | | |
| ৭২১৫ | ঋণ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | **মোট : - সম্পদ** | **০** | **০** | **০** | **০** | ০ |
| | **সর্বমোট :** | **২৩২,০০,০০** | **২৪৮,৫৯,৬০** | **২৯০,৬০,০০** | **৩০৪,৫১,০০** | ৩১৯,৭২,০০ |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. আইন প্রণয়ন কার্যক্রমে ব্যয়িত সময় | ১ | দিন (প্রতিটি বিল) | ১০০ | ৭৮ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| ২. সংসদীয় স্থায়ী কমিটির সভার সিদ্ধান্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ | ২ | সংখ্যা (হাজার) | ০.৬৬ | ০.৩৪২ | ১.০২ | ১.৯৩২ | ৩.৫৪৫ | ৩.৭৪৫ | ৩.৯৩৯ |
| ৩. e-Parliament গঠনে তথ্য প্রযুক্তির কভারেজ | ৩ | % | ৬৫ | ৩৫ | ৭০ | ৪০ | ৬০ | ৭০ | ৮০ |

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

৬.১.১ **সাম্প্রতিক অর্জন:** বিগত তিন বছরে ৮১টি বিলের নোটিশ গ্রহণপূর্বক যাচাই-বাছাই করা হয়েছে। ৮১টি বিলের নোটিশ সংশ্লিষ্ট কমিটিতে প্রেরণসহ সর্বমোট ৯৪টি বিল সংসদে পাশ করা হয়েছে। এছাড়া ৫৫টি প্রতিনিধি দলের ২৪৯ জন প্রতিনিধি সশরীরে এবং ৬টি প্রতিনিধি দলের ৬ জন প্রতিনিধি বৈশ্বিক মহামারি ভাইরাসের (কোভিড-১৯) কারণে ভার্চুয়াল পদ্ধতিতে বিশ্বের বিভিন্ন দেশে অনুষ্ঠিত সম্মেলন/সেমিনার/ওয়ার্কশপে যোগদান করেছেন। গত ৩ বছরে ১৭টি দেশের সাথে মৈত্রী গ্রুপ গঠন করা হয়েছে। সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় ০৫-০৮-২০২৫ তারিখ জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা ২০২৫ উপলক্ষে 'ড্রোন শো' প্রদর্শনি, জুলাই ঘোষণাপত্র পাঠ ও ১৭-১০-২০২৫ তারিখ জুলাই সনদ স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। জাতীয় সংসদকে পেপারলেস পার্লামেন্ট এবং সংসদ গ্রন্থাগারকে অটোমেশনের মাধ্যমে আধুনিক তথ্য প্রযুক্তিসমৃদ্ধ গ্রন্থাগার হিসেবে গড়ে তোলার লক্ষ্যে SIPS প্রকল্পের আওতায় ফিজিবিলিটি স্টাডি পরিচালিত হচ্ছে। এছাড়া ই-বুক প্রণয়নের জন্য ১০০টি বইয়ের খসড়া তালিকা প্রণয়ন করা হয়েছে এবং লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম, সকল পার্লামেন্ট ডিবেইট সংরক্ষণ, বিভিন্ন কর্নারের পাশাপাশি আর্কাইভ স্থাপনসহ পুস্তকের অনলাইন ক্যাটালগ, ই-বুক ফর সিলেকটেড বুকস এবং ই-নিউজ ক্লিপিং করা হয়েছে।

#### ৬.১.২ কার্যক্রমসমূহ,ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্যএর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বিলের নোটিশ গ্রহণ ও যাচাই-বাছাই | গৃহীত-বাছাইকৃত নোটিশ | ১ | সংখ্যা | ১০ | ৪ | ১০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ |
| ২. বিল সংসদে উপস্থাপন ও সংশ্লিষ্ট কমিটিতে প্রেরণ | কমিটিতে প্রেরিত নোটিশ | ১ | সংখ্যা | ১০ | ৪ | ১০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ |
| ৩. বিবেচনা ও পাসের জন্য সংসদে বিল উপস্থাপন | সংসদে পাশকৃত বিল | ১ | সংখ্যা | ১০ | ৪ | ১০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ |
| ৪. সংসদীয় স্থায়ী কমিটিসমূহের কার্যক্রমে সহায়তা প্রদান ও কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়-বিভাগে প্রেরণ | সংসদে উপস্থাপনকৃত প্রতিবেদন | ২ | সংখ্যা (হাজার) | .৬৬ | ০.৩৪২ | ১.০২ | ১.৯৩২ | ৩.৫৪৫ | ৩.৭৪৫ | ৩.৩৩৯ |
| ৫. সংসদ সদস্যগণকে সংসদীয় রীতিনীতি, বিভিন্ন জাতীয় ইস্যু এবং আইটি'র উপর প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণপ্রাপ্ত সংসদ সদস্য | ২ | সংখ্যা | ২৫০ | ০ | ৩৫০ | ৩৫০ | ৭০০ | ৭০০ | ৭০০ |
| ৬. সংসদীয় কার্যক্রমে সহায়ক কর্মকর্তাদের কার্যবিধি ও অন্যান্য ইস্যুর উপর প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা | ২ | সংখ্যা | ১০০০ | ১৪৯০ | ১১০০ | ১৬৫০ | ২০০০ | ২০০০ | ২০০০ |
| ৭. 'সংসদ বাংলাদেশ' টিভি চ্যানেলে অনুষ্ঠান সম্প্রচার | সম্প্রচারিত সংসদীয় কার্যক্রম | ৩ | ঘন্টা | ৩০০০ | ২১৯০ | ৩০০০ | ৩০০০ | ৩২০০ | ৩৩০০ | ৩৫০০ |
| ৮. সংসদের স্থায়ী কমিটিতে গৃহীত সিদ্ধান্তসমূহ গণমাধ্যমে প্রচার | প্রচারিত সিদ্ধান্ত | ৩ | সংখ্যা | ৫৮ | ৫৮ | ৪১০ | ৩৫০ | ৬৯০ | ৭০০ | ৭১০ |
| ৯. সংসদ কার্যক্রমে তথ্য প্রযুক্তির ব্যবহার | প্রযুক্তির আওতাভুক্ত কার্যক্রম | ৩ | % | ৬৫ | ৩৫ | ৭০ | ৪০ | ৬০ | ৭০ | ৮০ |

## ৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১০২০১০১ - সচিবালয়, জাতীয় সংসদ | ১-৯ | ১৪২,৯৬,৫১ | ২২১,১৮,২৪ | ১৯০,৮১,২৩ | ১৬০,১১,০৯ | ১৫৩,৩৩,৩৬ | ১৬৬,৪৬,২৪ |
| ১০২০১০২ - জাতীয় সংসদ স্বাস্থ্য কেন্দ্র | ১-৯ | ৬,০৭,৪১ | ৮,০১,১৯ | ৭,৮৬,১৯ | ৮,৪৫,৬৮ | ১০,৫০,১৬ | ১০,৯৪,০৭ |
| ১০২০২০১ - স্পিকার ও ডেপুটি স্পিকার এর কার্যালয় | ১-৫ | ২,৮৯,৬৮ | ০ | ০ | ৩,৬৮,৯৯ | ৫,২২,৫৯ | ৫,৪১,৯৩ |
| ১০২০২০২ - সংসদ নেতা ও উপনেতা এর কার্যালয় | ১-৫ | ৯৫,৯১ | ০ | ০ | ১,৫৭,৫২ | ১,৯৭,৬৯ | ২,০৬,০৯ |
| ১০২০২০৩ - বিরোধী দলীয় নেতা ও উপ নেতা এর কার্যালয় | ১-৫ | ১,৯০,৪৬ | ০ | ০ | ২,৫৮,৬৪ | ৩,২৪,৯৯ | ৩,৩১,৩৪ |
| ১০২০২০৪ - সংসদীয় স্থায়ী কমিটি এর কার্যালয় | ৪,৮ | ৭,৪৫,৫৭ | ০ | ১,১১,৫০ | ১০,২৮,২৫ | ১৪,৬৮,৯৮ | ১৫,১৮,০৩ |
| ১০২০২০৫ - চিফ হুইপ ও হুইপ এর কার্যালয় | ১-৫ | ৮,৬৩,১৬ | ০ | ২,৭১,১০ | ১০,৩১,২৫ | ১৫,৫৯,৬৩ | ১৬,২২,৬৮ |
| ১০২০২০৬ - সংসদ সদস্য এর কার্যালয় | ১-৯ | ৮৪,৯৬,২৪ | ০ | ৪৩,২৯,০১ | ৯০,৯৩,০০ | ৯৭,৭৬,০০ | ৯৭,৮১,০০ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **২৫৫,৮৪,৯৪** | **২২৯,১৯,৪৩** | **২৪৫,৭৯,০৩** | **২৮৭,৯৪,৪২** | **৩০২,৩৩,৪০** | **৩১৭,৪১,৩৮** |
| বিশেষ কার্যক্রম | | | | | | | |
| ১২৭০০১৮০১ - এশিয়ান পার্লামেন্টারি এসেম্বলি | ১-৯ | ০ | ৩৫,০০ | ৩৫,০০ | ৩০,০০ | ৩৬,০০ | ৩৭,০০ |
| ১২৭০০২১০১ - এসোসিয়েশন অব পার্লামেন্টারি লাইব্রেরিয়ানস অব এশিয়া এন্ড দি প্যাসিফিক | ১-৯ | ০ | ৫৭ | ৫৭ | ৫৮ | ৬০ | ৬২ |
| ১২৭০০৪৪০১ - কমনওয়েলথ পার্লামেন্টারি এসোসিয়েশন | ১-৯ | ৬১,০৭ | ৭৫,০০ | ৭৫,০০ | ৮০,০০ | ৮০,০০ | ৮২,০০ |
| ১২৭০১০৩০১ - আন্তঃ পার্লামেন্টারি ইউনিয়ন | ১-৯ | ১৭,০৯ | ৬০,০০ | ৬০,০০ | ৩৫,০০ | ৩৫,০০ | ৪০,০০ |
| ১২৭০১৩২০১ - পার্লামেন্টারি ইউনিয়ন অব দি ও.আই.সি. মেম্বার স্টেটস | ১-৯ | ৩৯,৩৭ | ৯০,০০ | ৯০,০০ | ৫০,০০ | ৫৫,০০ | ৬০,০০ |
| মোট : বিশেষ কার্যক্রম | | **১,১৭,৫৩** | **২,৬০,৫৭** | **২,৬০,৫৭** | **১,৯৫,৫৮** | **২,০৬,৬০** | **২,১৯,৬২** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **২৫৭,০২,৪৭** | **২৩১,৮০,০০** | **২৪৮,৩৯,৬০** | **২৮৯,৯০,০০** | **৩০৪,৪০,০০** | **৩১৯,৬১,০০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৩০৪৬০০০ - স্ট্রেংদেনিং পার্লামেন্ট'স ক্যাপাসিটি ইন ইনটিগ্রেশন অব পপুলেশন এন্ড ডেভেলপমেন্ট ইস্যুজ (এসপিসিপিডি) প্রকল্প (০১/০৩/২০২২-৩১/১২/২০২৬) অনুমোদিত | | ৫২,২১ | ২০,০০ | ২০,০০ | ৭০,০০ | ১১,০০ | ১১,০০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **৫২,২১** | **২০,০০** | **২০,০০** | **৭০,০০** | **১১,০০** | **১১,০০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **৫২,২১** | **২০,০০** | **২০,০০** | **৭০,০০** | **১১,০০** | **১১,০০** |
| মোট : | | **২৫৭,৫৪,৬৮** | **২৩২,০০,০০** | **২৪৮,৫৯,৬০** | **২৯০,৬০,০০** | **৩০৪,৫১,০০** | **৩১৯,৭২,০০** |